

উন্নয়নের অঙ্গিজন রাজস্ব



জনকল্যাণে রাজস্ব

জাতীয় রাজস্ব বোর্ড  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
অর্থ মন্ত্রণালয়  
[www.nbr.gov.bd](http://www.nbr.gov.bd)

নতুন আয়কর আইন প্রণয়নে সম্মানিত নাগরিকদের সুচিন্তিত ও মূল্যবান পরামর্শ/মতামত আহবান

- আত্ম-নির্ভরশীল বাংলাদেশ গড়তে সম্মানিত করদাতাদের সাথে নিয়ে জাতীয় রাজস্ব বোর্ড এগিয়ে যাচ্ছে। কর আহরণ, করদাতা নিবন্ধন, রিটার্ন দাখিলসহ কর পরিপালনের সকল ক্ষেত্রে সম্মানিত করদাতাগণ রাজস্ব প্রশাসনের প্রতি যে আস্থা ও সমর্থন ব্যক্ত করছেন জাতীয় রাজস্ব বোর্ড সে জন্য সকলের প্রতি গভীরভাবে কৃতজ্ঞ।
- সম্মানিত করদাতা ও অংশীজনদের আস্থার প্রতি সাড়া দিয়ে জাতীয় রাজস্ব বোর্ড কর সেবা কার্যক্রমকে আরো সম্প্রসারিত করেছে। বাংলাদেশকে ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে উন্নত সমৃদ্ধশালী দেশ হিসেবে গড়ে তোলার উদ্দেশ্যকে সামনে রেখে জাতীয় রাজস্ব বোর্ড নতুন ভ্যাট আইন বাস্তবায়ন, শুল্ক আইন আধুনিকায়ন ও নতুন আয়কর আইন প্রণয়নের কার্যক্রম গ্রহণ করেছে।
- মাতৃভাষা বাংলায় যুগোপযোগী একটি আয়কর আইন উপহার দিতে জাতীয় রাজস্ব বোর্ড সংকল্পবদ্ধ। রাজস্ব প্রশাসনের সকল কাজে সম্মানিত করদাতা, অর্থনীতিবিদ, ব্যবসায় সংগঠন, মিডিয়া, আইনজীবীসহ সকল অংশীজনের মতামতকে জাতীয় রাজস্ব বোর্ড সর্বোচ্চ গুরুত্ব প্রদান করে।
- বাংলাদেশের আর্থ-সামাজিক বাস্তবতার সাথে সংগতি রেখে আন্তর্জাতিক সর্বোত্তম চর্চা অনুসরণ ও ডিজিটাল কর ব্যবস্থাপনা সংশ্লিষ্ট বিধান অন্তর্ভুক্ত করে বাংলা ভাষায় (অফিসিয়াল ইংরেজি পাঠসহ) যে নতুন আয়কর আইন প্রণীত হতে যাচ্ছে সে আইনের কাঠামো, দর্শন, বিষয়বস্তুসহ সার্বিক বিষয়ে সকলের কাছ থেকে মতামত আহবান করা হচ্ছে। আপনার মূল্যবান মতামত প্রণীতব্য নতুন আয়কর আইনকে সমৃদ্ধ ও কার্যকর করবে।
- নতুন আয়কর আইন কেমন হওয়া উচিত সে ব্যাপারে আপনার সুচিন্তিত ও মূল্যবান মতামত [taxact.nbr@gmail.com](mailto:taxact.nbr@gmail.com) এ আমাদেরকে ই-মেইল করে বা সরাসরি লিখিত মতামত জাতীয় রাজস্ব বোর্ডের প্রথম সচিব (কর বিধি), কক্ষ নং- ২৩৮ এ প্রেরণ করে বাধিত করবেন।

কর পরিপালনে আপনার নির্ভরযোগ্য সহযোগী হিসেবে সব সময় পাশে রয়েছে এনবিআর।

উদ্ভাবনে বাড়বে কর  
দেশ হবে স্বনির্ভর

 Find us on  
Facebook

সবাই মিলে দিব কর  
দেশ হবে স্বনির্ভর

[www.facebook.com/NationalBoardOfRevenue.BD](http://www.facebook.com/NationalBoardOfRevenue.BD)

জাতীয় রাজস্ব বোর্ড

আমরা অনেক দূর যাব, সকলে মিলে দ্রুততার সাথে।